# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ কতিপয় আয়াতের জওয়াবে

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কতিপয় আয়াতের জওয়াবে

সূরা কিয়ামার শেষ আয়াত, (أَلَيْسَ ذَلِكَ بِقَادِرٍ عَلَى أَنْ يُحْيِيَ الْمَوْتَى) (অর্থাৎ যিনি এত কিছু করেন তিনি কি মৃতকে পুনর্জীবিত করতে সক্ষম নন?) পড়লে জওয়াবে বলবে-سبحانك فبلى (সুবহা-নাকা ফাবালা), অর্থাৎ তুমি পবিত্র, অবশ্যই (তুমি সক্ষম)।

সূরা আ’লার প্রথম আয়াত, (سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى) অর্থাৎ তোমার প্রতিপালকের নামের পবিত্রতা ঘোষণা কর) পাঠ করলে জওয়াবে বলবে, سبحان ربى الأعلى (সুবহা-না রাব্বিয়াল আ’লা। অর্থাৎ আমি আমার মহান প্রতিপালকের পবিত্রতা ঘোষণা করছি)। (আবু দাউদ)

সূরা রহমানের (فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ) (অর্থাৎ, তোমরা তোমাদের প্রতিপালকের কোন নেয়ামতকে অস্বীকার কর?) আয়াতটি পাঠ করলে জওয়াবে বলবে, (لا بشئ من نعمك ربنا نكذب فلك الحمد) উচ্চারণঃ-লা বিশাইইম মিন নিআমিকা রাব্বানা নুকাযযিবু, ফালাকাল হামদ্।।

অর্থঃ- তোমার নিয়ামতসমুহের কোন কিছুকেই আমরা অস্বীকার করি না হে আমাদের প্রতিপালক! (তিরমিযী, সিঃ সহীহাহ ২১৫০নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11700

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন